গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরেবাংলা নগর, ঢাকা
**www.erd.gov.bd**

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/২৮৮

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি (সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটার জন্য)

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণির নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে **সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায়** শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র কন্যার পুত্র কন্যাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার জন্য অনুর্ধ্ব ৩২ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ৫ (পাঁচ) টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>ঘ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ; এবং<br>ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, শেরপুর, ফেনী, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগা, নাটোর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, মাগুড়া, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী। |
| ২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার জন্য অনুর্ধ্ব ৩২ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ১ (এক) টি | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে | |
| ৩। | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার জন্য অনুর্ধ্ব ৩২ বৎসর | ৫ (পাঁচ) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, জামালপুর, শেরপুর, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী ও সুনামগঞ্জ। |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। ০১.১০.২০১৭ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।
২। নিয়োগ চলাকালীন সময়ে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৭। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ হতে ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://erd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০.১০.২০১৭, সকাল-১০:০০ ঘটিকা (স্থানীয় সময়)

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১.১০.২০১৭, বিকাল-৫:০০ ঘটিকা (স্থানীয় সময়)
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-২নং ক্রমিকের জন্য ১০০/- টাকা এবং ৩নং ক্রমিকের জন্য ৫০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: ERD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: ERD ABCDEF

*Reply: Applicant's Name, Tk ------- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ERD<Space>Yes<Space>PIN and send to 16222*

দ্বিতীয় SMS: ERD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: ERD YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ERD Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://erd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং *Password* পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে ERD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: ERD Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: ERD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: ERD Help PIN 12345678 & send to 16222

ঝ. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারি নিয়োগ পরীক্ষা ২০১৭-এর বিজ্ঞপ্তি, Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://erd.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৯। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। **মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।** ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। **পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র:** পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;

১১। **বিবিধ:**

ক. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.erd.gov.bd এ পাওয়া যাবে।

খ. **Help Line:** Online-এ আবেদন দাখিলের বিষয়ে প্রয়োজনে যে কোন তথ্য জানতে e-mail: recruitment@erd.gov.bd অথবা ফোন: 02-9145477-এ যোগাযোগ করা যেতে পারে।

গ. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(সারোয়ার মাহমুদ)
যুগ্ম-সচিব (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ